

~~১০~~ ২৭৩

**মাদ্রাসার পরীক্ষা পিছানোর
আবেদন**

আমরা ১৯৮৭ সনে অনুষ্ঠিত
বা মাদ্রাসা বোর্ডের অধীনে
খালী, ফাজিল ও কামিল পরী-
ক্ষাপিণ্ড বর্তমানে নির্ধারিত ১৩
৩ ১৪ই অক্টোবর ৮৭ইং যোগিত
পরীক্ষার তারিখ অন্ততপক্ষে এক
সপ্তাহ পরে নির্ধারণের জন্য আকুল
আবেদন জানাইতেছি। কেননা
চট্টগ্রামে গত কিছুদিন যাবৎ প্রবল
বর্ষণ জনিত কারণে নতুনভাবে
বন্যা দেখা দেওয়ায় আমাদের
পরীক্ষা প্রস্তুতিতে মারাত্মক বিঘ্ন
ঘটিয়াছে। এমনকি অনেকের বাড়ী
ঘরও ভীষণ ক্ষতিগ্রস্ত হইয়াছে।
তাই এই ধরনের প্রাকৃতিক দুর্যোগ
ও ক্ষয়ক্ষতির পর নতুনভাবে প্রস্তু-
তির জন্য আমাদের কিছু সময়ের
প্রয়োজন। অন্যথায় আমরা সন্তু-
ভাবে পরীক্ষা দেওয়া কিংবা
আশানুরূপ ফল লাভে ব্যর্থ হইব।
সুতরাং চট্টগ্রামের পরীক্ষা পি-
ছানের সুবিধার্থে মাদ্রাসা বোর্ডের
কাছে আমাদের সুনির্ভর অনুরোধ
পরীক্ষার তারিখ কমপক্ষে এক
সপ্তাহ পিছাইয়া দেওয়া হউক।
চট্টগ্রামের পরীক্ষার্থীদের পক্ষে--
নো: আজিজুল হক
গ্রা: আশিয়া, পো: বাংলারাজার,
পটিয়া, চট্টগ্রাম।

**খিলগাঁও মডেল কলেজ
সরকারীকরণের আবেদন**

কমলাপুর, বাসাবো, তিলপা-
পাড়া, শাহজাহানপুর, শান্তিনগর,
শালিবাগ, খিলগাঁও, চৌধুরীপাড়া,
রানপুরা, গোড়ান, মেবাদিয়া,
নাপানটেক এ সনক এলাকার
মধ্যবর্তীস্থানে খিলগাঁও মডেল
কলেজ নিজস্ব জমির উপর
একটি মনোরম পরিবেশে প্রতি-
ষ্ঠিত। এই কলেজের পাশেই
আবাসী কাণ্ডে তৈরী আধুনিক
সরকারী প্রাথমিক বিদ্যালয়,
খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়
এবং রাষ্ট্রপতির নিজস্ব উদ্যোগে
তৈরী হইছে খিলগাঁও উচ্চ বিদ্যালয়।
নিম্ন শ্রেণী থেকে
মাধ্যমিক শ্রেণী পর্যন্ত ছেলেমেয়েরা
এ সকল উচ্চমানের শিক্ষা
প্রতিষ্ঠানে অধ্যয়নের পর স্বাভা-
বিকভাবেই অনুরূপ কোন উচ্চ
মানের কলেজে শিক্ষাগ্রহণের
আশা পোষণ করে। এমতাবস্থায়
খিলগাঁও মডেল কলেজটি একটি
সরকারী কলেজে উন্নীত করা
হলে তাদের প্রত্যাশা পূরণ হতে
পারে।

তাই অবিলম্বে খিলগাঁও
মডেল কলেজকে সরকারীকরণের
জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট
আবেদন জানাচ্ছি।

আলহাজ্জ নবতাজউদ্দীন
৪০৭/খিলগাঁও, ঢাকা।
ডা: আকুল মামান ভানুকদার,
৮৫/বাসাবো, ঢাকা।
নো: জয়নুল আবেদিন,
১০৯/শান্তিবাগ, ঢাকা।